গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৪৩/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ০৮ অক্টোবর, রবিবার ২০২৩, ২৩ আশ্বিন ১৪৩০**

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী

০২। ময়মনসিংহে মৎস্য চাষে ব্যাপক ক্ষতি; নিমজ্জিত ১২ হাজার হেক্টর ফসলি জমি

০৩। শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে মসিক ও ময়মনসিংহ জেলা পুলিশের মতবিনিময় সভা

০৪। দেশের তিন বিভাগে অতি ভারী বর্ষণের আভাস

## ০১। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী

শনিবার (০৭ অক্টোবর) সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আইকনিক তৃতীয় টার্মিনালের একাংশের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এলাকায় টার্মিনালের সফট ওপেনিং অনুষ্ঠানে এর ফলক উন্মোচন করেন প্রধানমন্ত্রী। এ সময় তিনি বলেন, বাংলাদেশের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর বা কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর তার ভৌগোলিক অবস্থানের কারণে আন্তর্জাতিক বিমান চলাচলের হাব হবে। সূত্র দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০২। ময়মনসিংহে মৎস্য চাষে ব্যাপক ক্ষতি; নিমজ্জিত ১২ হাজার হেক্টর ফসলি জমি

দুই দিনের টানা বৃষ্টিবর্ষণে ময়মনসিংহ জেলায় ১২ হাজার হেক্টর রোপা আমন ও সবজি জমি পানির নিচে তলিয়ে গেছে। সেইসঙ্গে হাজার হাজার পুকুর ও মাছের ঘের থেকে ভেসে গেছে শত শত কোটি টাকার মাছ। শনিবার (০৭ অক্টোবর) বিকাল ৫ টা পর্যন্ত এই জেলার মৎস্য চাষীদের ক্ষতির পরিমাণ নির্ণয়ের চেষ্টা চলছে বলে জানিয়েছেন জেলা মৎস্য অধিদপ্তরের সিনিয়র সহকারী পরিচালক রিপন কুমার পাল। এদিকে টানা বর্ষণে এই জেলার ১১ হাজার ৪২০ হেক্টর রোপা আমন ধানের জমি পানির নিচে তলিয়ে গেছে বলে জানিয়েছেন ময়মনসিংহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মতিউজ্জামান। সেই সঙ্গে পানির নিচে নিমজ্জিত অবস্থায় রয়েছে ৬৯০ হেক্টর সবজি ফসল। এদিকে নেত্রকোনা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে নিচু এলাকার ১১ হাজার ৪৮২ হেক্টর জমির আমন ধান পানিতে তলিয়ে গেছে বলে জানা যায়। উল্লেখ্য, শুক্রবার সকাল ০৬টা থেকে আগের ২৪ ঘন্টায় ময়মনসিংহে সর্বোচ্চ ৩৭৮ মিলিমিটার বৃষ্টিপাত হয়, যা ইতিহাসের দ্বিতীয় সর্বোচ্চ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০৩। শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে মসিক ও ময়মনসিংহ জেলা পুলিশের মতবিনিময় সভা

শনিবার (০৭ অক্টোবর) বিকেলে ময়মনসিংহের শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর উদ্যোগে শারদীয় দুর্গাপূজা ২০২৩ উপলক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন মসিক মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এ সময় মেয়র সিটি কর্পোরেশন এলাকার ৮৮টি পূজা মন্ডপের প্রতিটিতে আর্থিক সহযোগিতা এবং সিসিটিভি ক্যামেরা স্থাপনে সহযোগিতার ঘোষণা দেন। আবার, এদিন দুপুরে পূজা উপলক্ষ্যে পুলিশ লাইনস গ্রিল সেডে জেলা পূজা উদযাপন পরিষদের সাথে ময়মনসিংহ জেলা পুলিশের প্রস্তুতিমূলক মতবিনিময় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০৪। দেশের তিন বিভাগে অতি ভারী বর্ষণের আভাস

দেশের তিনটি বিভাগে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। এছাড়া দশ অঞ্চলে বয়ে যেতে পারে ঝড়ো হওয়ার সঙ্গে বজ্রসহ বৃষ্টিপাত। শনিবার (০৭ অক্টোবর) এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক সূত্রে জানা যায়, রবিবার সকাল পর্যন্ত ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতিভারী বর্ষণ হতে পারে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ:** বৃক্ষ পৃথিবীকে মানুষ এবং অন্যান্য জীবন্ত প্রাণীর বেঁচে থাকার উপযোগী করে তোলে। একটি পরিচ্ছন্ন ও সবুজ পরিবেশ নিশ্চিত করতে এবং সুস্থ জীবন যাপনের জন্য আমাদের বেশি করে গাছ লাগাতে হবে। এ ব্যাপারে সরকারের একার কর্মসূচি যথেষ্ট নয়, দেশের মানুষকেও সচেতন হতে হবে। বৃক্ষনিধন বন্ধ করতে হবে এবং বৃক্ষরোপণে সবাইকে আগ্রহী করতে হবে।

**(খ)** **দৈনিক স্বজন:** টাকার মান নির্ধারণ হয় টাকার ক্রয়ক্ষমতা দিয়ে। টাকার মান কমে যাওয়ায় ভোক্তাদের ক্রয়ক্ষমতা কমছে, বাড়ছে পণ্যের দাম। সব মিলিয়ে অর্থনীতিতে দেখা দিয়েছে অস্থিরতা। মুদ্রাস্ফীতির সময় বাজারে দ্রব্যের যোগান বাড়াতে আমদানির পরিমাণ বাড়াতে হবে। এতে মুদ্রাস্ফীতির চাপ কমতে পারে। সরকারকে আমদানি শুল্ক কমাতে হবে।

**(গ)** **দৈনিক সবুজ:** চলতি বছর দেশব্যাপী এ পর্যন্ত ১১ টি হালকা ও মাঝারি ধরনের ভূমিকম্প আঘাত হেনেছে। ছোটখাটো ভূমিকম্প বড় ভূমিকম্পের আভাস দেয়। ভূমিকম্পপ্রবণ অঞ্চল হিসেবে বিশ্বের ঝুঁকিপূর্ণ ২০টি শহরের মধ্যে দ্বিতীয় স্থানেই রয়েছে ঢাকার নাম। ভূমিকম্প এমন এক প্রাকৃতিক দুর্যোগ যাকে প্রতিরোধ করার কোনো উপায় মানুষের আয়ত্তে নেই। এমনকি এর পূর্বাভাস দেয়াও সম্ভব হয় না। জনগণকে সম্পৃক্ত করে, জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে, সীমিত সম্পদ ও ক্ষমতার আওতার মধ্যেই ভূমিকম্প দুর্যোগ মোকাবিলার তড়িৎ প্রস্তুতি নেয়া ছাড়া বিকল্প কোনো পথ নেই।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। সতর্ক থাকতে হবে বাংলাদেশকে- রেজাউল করিম খোকন (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

০২। বাংলাদেশের জলবায়ু ড্রাগন চাষের উপযোগী- মোঃ হায়দার আলী (দৈনিক নিউ টাইমস)

০৩। জ্বালানি তেল আমদানি ও বাজার ব্যবস্থাপনায় পরিবর্তন- জান্নাতুল শিফা (শম্পা) (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।